

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-১১৮

তারিখঃ ২৩/০৪/২০১৬
সময়ঃ বিকাল ৩.০০ টা.

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ২৩.০৪.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।

০১। **আবহাওয়ার সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।**
সমুদ্র বন্দর সমূহের জন্য কোন সতর্কতা সংকেত নেই।

নদীবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ (আজ ২৩.০৪.২০১৬ তারিখ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত)

ময়মনসিংহ, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলকার নদী বন্দরসমূহের জন্য ০১(এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

পূর্বাভাস: টাঙ্গাইল, ময়মনসিংহ ও ঢাকা অঞ্চলসহ রংপুর বিভাগের দু'এক জায়গায় এবং চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে কোথাও কোথাও শিলা বৃষ্টি হতে পারে। সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে। এছাড়া দেশের অন্যত্র আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলাসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপপ্রবাহঃ রাজশাহী, পাবনা ও কুষ্টিয়া অঞ্চলের উপর দিয়ে তীব্র তাপপ্রবাহ এবং ঢাকা, টাঙ্গাইল ও ফরিদপুর অঞ্চলসহ রাজশাহী ও খুলনা বিভাগের অবশিষ্টাংশের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং বিরাজমান তাপপ্রবাহ অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রা : সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ

বিভাগের নাম	ঢাকা	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৭.৪	৩৫.২	৩৩.৯	৪০.০	৩৪.৫	৪০.৬	৩৪.৬
সর্বনিম্ন তাপমাত্রা	২৩.৪	২৬.৭	২১.৭	২৫.৮	২১.০	২৭.০	২৮.২

* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চুয়াডাঙ্গা ৪০.৬ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল রংপুর ২১.০ ডিগ্রী সে.।

০২। **অগ্নিকাণ্ডঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কমিশনের ডিউটি অফিসার জানান, আজ কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকাণ্ডের খবর পাওয়া যায়নি।

০৩। **টর্নেডোঃ সুনামগঞ্জঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, গতকাল ২১/০৪/২০১৬ ইং তারিখ বিকাল ৫.৫০ মিনিটের সময় জেলার ছাতক উপজেলার ৫ টি গ্রামের উপর দিয়ে এক টর্নেডো বয়ে যায়। টর্নেডোর আঘাতে ৫টি গ্রামের প্রায় ২৫০ টি বাড়ি সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছে। টর্নেডোর সময় গাছ চাপা পড়ে ৫৫ বছরের এক জন লোক মারা যায় এবং ১২ জন লোক আহত হয়েছে। জেলা প্রশাসনের লোক টর্নেডো এলাকা সরেজমিনে পরিদর্শন করেছেন। জেলা প্রশাসনের মজুদ থেকে ক্ষতিগ্রস্তদের মধ্যে ৪০ বান চেউটিন এবং প্রতিবান টিনের সাথে ৩,০০০/ টাকা করে মোট ১,২০,০০০/ টাকা, জিআর ক্যাশ ৫০,০০০/ টাকাসহ মোট ১,৭০,০০০/ টাকা, ১৫ মেঃটন জিআর চাল এবং ২০ টি ত্রিপল সাহায্য প্রদান করা হয়েছে।

* দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের **NDRCC** (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭X২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য **NDRCC**'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/**email** নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০

Email: ndrcc.dmr@gmail.com

স্বাক্ষরিত/
(মোঃ দলিল উদ্দিন)
ভারপ্রাপ্ত কর্মকর্তা (এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/(দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল।
- ১৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উপরি উক্ত তথ্য ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য।
- ১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।